

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭০৫  
আগরতলা, ২৭ জানুয়ারি, ২০২৪

**পদ্মশ্রী পুরস্কার - ২০২৪**  
**চিত্তরঞ্জন দেববর্মা ও স্মৃতিরেখা চাকমাকে**  
**মুখ্যমন্ত্রীর উষ্ণ শুভেচ্ছা ও অভিনন্দন**

২০২৪ সালের পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হওয়ায় চিত্তরঞ্জন দেববর্মা ও স্মৃতিরেখা চাকমাকে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা উষ্ণ শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘ত্রিপুরার জন্য এটা গর্বের মুহূর্ত। শান্তিকালী আশ্রমের চিত্ত মহারাজ তথা চিত্তরঞ্জন দেববর্মা আধ্যাত্মিকতা ও শিক্ষার প্রসারে মানুষের কল্যাণ বিশেষ করে জনজাতি সম্প্রদায়ের জীবন পরিবর্তনে কাজ করে আসছেন। স্মৃতিরেখা চাকমা কোমর তাঁতে নিজের হাতে প্রাকৃতিক রঙে রাঙ্গানো সুতো দিয়ে নানা ধরনের কাপড় বুনেন। গ্রামীণ নারীদের ক্ষমতায়নেও তাঁর অবদান রয়েছে।’ শুভেচ্ছাবার্তায় রাজ্য থেকে এবার দু’জন পদ্মশ্রী পুরস্কারের জন্য মনোনীত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে আন্তরিক কৃতজ্ঞতা জানান মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*